নিউ ইয়র্ক স্টেট

আপনার ERAP সংক্রান্ত সিদ্ধান্তের বিরুদ্ধে কিভাবে আপিল করতে পারেন

ERAP নির্ধারণ কী?

ERAP নির্ধারণ হল একজন ভাড়াটিয়া এবং/অথবা বাড়ির মালিক কর্তৃক দাখিলকৃত ERAP সহায়তা আবেদনের প্রতি আমাদের সিদ্ধান্ত। আপনি যদি সিদ্ধান্তের কোন অংশ নিয়ে অসম্মত হন, তাহলে আপনি আপিল জমা দিতে পারবেন। আমরা যদি কোনো ভুল করে থাকি তাহলে আমরা সেটি সংশোধন করবো।

দ্রষ্টব্যঃ ERAP নির্ধারণ হল ERAP আবেদন মঞ্জুর বা নাকচ করা। একটি "শর্তাধীন মঞ্জুরি" এবং "180-দিনের নোটিশ" হলএমন নোটিশ যা আপনি পেতে পারেন, কিন্তু সেগুলি ERAP নির্ধারণ নয়।

কে আপিল করতে পারবে?

ভাড়াটিয়া এবং বাড়ির মালিক উভয়ে আবেদন করতে পারবে।

যদি আমি মনে করি যে সিদ্ধান্তটি আংশিক ভুল? আমি কি তখনও আপিল করতে পারবো?

হ্যাঁ। আপনি যদি আপনার নির্ধারণের সম্পূর্ণ বা অংশের সাথে অসম্মত হন, তাহলে আপনি আপিল করতে পারেন।

আমি কিভাবে আপিল চাইতে পারি?

আপনি ফোনে বা অনলাইনে আপিল চাইতে পারেন।

ফোনেঃ

ফোনে আপিল চাইতে অনুগ্রহ করে 844-NY1RENT (844-691-7368) নম্বরে কল করুন। শ্রবণ অক্ষমতা সম্পন্ন ব্যক্তিরা 1-833-843-8829 নম্বরে TTY লাইনে কল করতে পারেন।

অনলাইনে:

অনলাইনে আপিল করতে, অনুগ্রহ করে জরুরি ভাড়া সহায়তা প্রোগ্রামের আপিল ফর্ম (Emergency Rental Assistance Program Appeal Form) পূরণ করুন। ফর্ম পূরণের নির্দেশনা পেতে ERAP Appeal Form Instructions পড়ুন।

আপিল দাখিল করার জন্য আমার শেষ সময় কবে?

আপনার ERAP নির্ধারণ নোটিফিকেশন প্রাপ্তির তারিখের পর থেকে আপনার কাছে আপিল দাখিল করার জন্য ত্রিশ (30) দিন সময় রয়েছে।

আমি যদি 30 দিনের আপিলের সময়সীমা ধরতে না পারি, তাহলে কী হবে?

আপনি যদি মনে করেন যে আপনি আপিলের সময়সীমা ধরতে পারেননি, তাহলে আপনার উচিৎ আপিলের আবেদন করা এবং আপনি কেন আপিলের সময়সীমা ধরতে পারেননি তার কারণ ব্যাখ্যা করা।

আমি কেন মনে করি যে সিদ্ধান্তটি ভুল এবং আমি কেন আপিল করছি তা আমি কখন ব্যাখ্যা করবো?

আপনি যদি ফোনে আপিল দাখিল করেন, তাহলে আপনি এজেন্টকে কেন আপনার আপিল করতে হবে তা বলতে পারেন। আপনি যদি আপনার আপিলকে সমর্থন করতে ডকুমেন্ট আপলোড করেন, তাহলে আপনি আপনার ডকুমেন্টের সাথে একটি লিখিত ব্যাখ্যাও জমা দিতে পারবেন। আপনি যদি অনলাইনে আপিল জমা দেন, তাহলে আপনি আপিল ফর্মে কেন আপনি আপিল করছেন তা ব্যাখ্যা করতে পারবেন। আপনি যদি ডকুমেন্ট আপলোড করেন সেখানে ব্যাখ্যা দেওয়ার সুযোগ ও আপনার থাকবে।

আমি কি আপিল করার নিশ্চিতকরণ পাবো?

হ্যাঁ। আপনি যদি ফোনে আপিল জমা দেন, তাহলে ফোনেরএজেন্ট আপনাকে একটি সেবা অনুরোধ নম্বর প্রদান করবেন। আপনি যদি অনলাইনে আপিল জমা দেন, তাহলে আপনি একটি পপআপ মেসেজ দেখতে পাবেন যাতে লেখা রয়েছেঃ "ধন্যবাদ! আপনার ERAP আপিল আবেদন জমা দেওয়া হয়েছে। অনুগ্রহ করে আপনার রেকর্ডের জন্য এই পেজের একটি স্ক্রিনশট নিন অথবা এটি প্রিন্ট করে রাখুন।"

আপনি আপিল করার পরঃ নিশ্চিতকরণ নোটিশ এবং যেকোনো বাড়তি ডকুমেন্ট জমা দেওয়ার জন্য 10 দিন।

আমি আপিল আবেদন করার পর কী হবে?

আপনি আপিল জমা দেওয়ার পর, আপনি আমাদের কাছ থেকে একটি লিখিত নিশ্চিতকরণ নোটিশ পাবেন যা আপনি আমাদের সাথে কিভাবে যোগাযোগ করতে চান তার ভিত্তিতে হয় ইমেইলের মাধ্যমে বা ডাকযোগে পাঠানো হবে। এই নোটিশটি নিশ্চিত করে যে আমরা আপনার আপিল পেয়েছি এবং ব্যাখ্যা করে যে আপনার কাছে নিশ্চিতকরণ নোটিশ পৌঁছানোর দশ (10) দিন পর্যন্ত সময় আছে যেকোনো বাড়তি ডকুমেন্ট বা তথ্য জমা দেওয়ার জন্য যা ব্যাখ্যা করে আপনি কেন মনে করেন যে আমাদের সিদ্ধান্ত ভুল ছিল।

আমার আপিল সমর্থনে আমি কিভাবে ডকুমেন্ট জমা দিতে পারি?

আপনি আপনার ডকুমেন্ট অনলাইনে জমা দিতে পারেন আপলোড করার মাধ্যমেঃ

1. এই লিংকে ক্লিক করেঃ https://nysrenthelp.otda.ny.gov/en/।
2. তারপরে, স্ক্রিনের ডানপাশের ‘ভাড়াটের কাগজপত্র আপলোড করুন’ অথবা ‘মালিকের কাগজপত্র আপলোড করুন’-এ ক্লিক করুন।

আপনি যদি ভাড়াটিয়া হন, তাহলে আপনার আবেদনের নম্বর, এবং জন্ম তারিখ লিখুন এবং ড্রপডাউন মেনু থেকে "আপিল" এর ডকুমেন্টের ধরণ বাছাই করুন।

আপনি যদি বাড়ির মালিক হন, তাহলে আপনার মালিক নম্বর, এবং আবেদনের নম্বর (ঐচ্ছিক ক্ষেত্র) লিখুন এবং ড্রপডাউন মেনু থেকে "আপিল" এর ডকুমেন্টের ধরণ বাছাই করুন।

অনুগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্র প্রতিবারে একটি করে জমা দিন।

আমার আপিল সমর্থনে ডকুমেন্ট আপলোড করতে আমি সমস্যার সম্মুখীন হচ্ছি। আমি কিভাবে সাহায্য পেতে পারি?

আপনি নিম্নলিখিত যেকোনো উপায়ে আমাদের সাথে যোগাযোগ করতে পারেনঃ

- আমাদের সাথে ফোনে যোগাযোগ করুন: 844-NY1RENT (844-691-7368)
- যাদের কানে শুনতে সমস্যা হয়, তাদের জন্য TTY ফোন নম্বর: 1-833-843-8829

- একটি কমিউনিটি ভিত্তিক সংস্থার (Community-Based Organization, CBO) সাথে যোগাযোগ করুন - ভাড়াটিয়া এবং বাড়ির মালিকদের সাহায্য করার জন্য উপলভ্য কমিউনিটি ভিত্তিক সংস্থাগুলির তালিকা দেখুন।

আমার আপিল সমর্থনে আমাকে কি ডকুমেন্ট জমা দিতে হবে?

না। আপনাকে আপনার আপিল সমর্থন করতে নতুন কোন ডকুমেন্ট জমা দিতে হবে না। আপনি কেন মনে করেন যে আমাদের সিদ্ধান্ত ভুল ছিল তা জানিয়ে আপনি যদি আপনার নিশ্চিতকরণ বিজ্ঞপ্তি পাবার দশ (10) দিনের মধ্যে বাড়তি ডকুমেন্ট আপলোড না করেন, তাহলে আমরা আমাদের কাছে ইতোমধ্যে যেসব ডকুমেন্ট আছে তার ভিত্তিতে আপনার আবেদন পর্যালোচনা করবো। একটি পর্যালোচনা দল আপনার আবেদনটি এবং আবেদনের সাথে আপনার জমা দেওয়া ডকুমেন্টগুলি আবার দেখবে।

আমরা কিভাবে আপনার আপিলের সিদ্ধান্ত নেব?

আপনার আপিল একজন স্বতন্ত্র আপিল বিশেষজ্ঞের কাছে পাঠানো হবে যিনি আপনার প্রারম্ভিক আবেদন, আপনার আবেদনের স্বপক্ষে জমা দেওয়া ডকুমেন্ট, আপনি নির্ধারণের সাথে কেন অসম্মত তা জানিয়ে জমা দেওয়া যেকোনো তথ্য, এবং আপনার আপিলের সমর্থনে আপলোড করা যেকোনো বাড়তি ডকুমেন্টেশন পর্যালোচনা করবেন। আপিল বিশেষজ্ঞ আপনার আপিল মঞ্জুর করা হবে কি না সে সংক্রান্ত একটি সুপারিশ করবেন। তারপর একজন দ্বিতীয় পর্যালোচনাকারী এসব কিছু দেখবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। একবার আপনার আপিলের চূড়ান্ত সিদ্ধান্ত হয়ে গেলে, আপনি একটি নোটিশ পাবেন যাতে জানানো হবে যে আপনার আপিল মঞ্জুর হয়েছে কি না যা আপনি আমাদের সাথে কিভাবে যোগাযোগ করতে চান তার ভিত্তিতে হয় ইমেইলের মাধ্যমে বা ডাকযোগে পাঠানো হবে।

আমার যদি আপিল প্রক্রিয়া সম্পর্কে প্রশ্ন থাকে তাহলে?

যদি আপনার কোনো প্রশ্ন থাকে, আমাদের কাস্টমার কেয়ার টিমকে সোমবার-শনিবার সকাল ৪টা থেকে সন্ধ্যা 7টা EST পর্যন্ত পাওয়া যাবে। আপনি নিম্নলিখিত যেকোনো উপায়ে আমাদের সাথে যোগাযোগ করতে পারেনঃ

- আমাদের সাথে ফোনে যোগাযোগ করুন: 844-NY1RENT (844-691-7368)
- যাদের কানে শুনতে সমস্যা হয়, তাদের জন্য TTY ফোন নম্বর: 1-833-843-8829
- ওয়েবচ্যাটের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন: একজন প্রতিনিধির সাথে চ্যাট করুন।